রাজশাহী জেলার দূর্গাপুর উপজেলার আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আনোয়ার সাদাত
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর,রাজশাহী।

সভার তারিখ : ১১/১২/২০১৭ খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট " ক" ও " খ" দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি নভেম্বর/ ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ইউনিয়ন আইন শৃংখলা সভা অনুষ্ঠান : সংশ্লিষ্ট সহকারী জানান নিয়মিত ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত থাকলেও নওপাড়া ও মাড়িয়া ইউনিয়ন ব্যতিত অন্য কোন ইউনিয়ন হতে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির নভেম্বর/১৭ মাসের সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। # সভাপতি জানান প্রতি মাসের ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভা করে পরবর্তী মাসের ০১ তারিখের পূর্বে রেজুলেশন সভাপতির নিকট প্রেরণের সিদ্ধান্ত থাকলেও চেয়ারম্যানগণ প্রেরণ করেন না। নিয়মিত রেজুলেশন প্রেরণের জন্য তিনি পুনরায় অনুরোধ জানান। # সভাপতি কার্যবিবরণী না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন এবং উপস্থিত ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন নিয়মিত মাসিক সভা করে পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে কার্যবিবরণী প্রেরণের জন্য পুনরায় পরামর্শ দেন।	উপজেলার প্রতিটি ইউনিয়নে আইন শৃঙ্খলা কমিটির সভা, বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভা, চোরাচালান প্রতিরোধ সভা,মানব পাচার প্রতিরোধ সভা ও মাদক দ্রব্য বিরোধী সভা নিয়মিত অনুষ্ঠান পূর্বক কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান সকল ইউ, পি
০২	উপজেলার সার্বিক অপরাধ চিত্রঃ অফিসার ইনচার্জ(তদন্ত) , দূর্গাপুর থানা জানান যে, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি জানান নভেম্বর/১৭ মাসে নারী ও শিশু নির্যাতন মামলা ০১টি, মাদকদ্রব্য-০১টি ও অন্যান্য-০৬টি মিলে সর্বমোট=০৮টি মামলা দায়ের হয়। গত অক্টোবর/১৭ মাসে মাদকদ্রব্য-০২টি, নারী ও শিশু নির্যাতন মামলা-০২টি, চুরি-০২টি এবং অন্যান্য-০৯টি মিলে সর্বমোট=১৫টি মামলা দায়ের হয়। পর্যালোচনায় দেখা যায় গত মাস হতে চলতি মাসে অনেক অপরাধ হ্রাস পেয়েছে। সার্বিকভাবে এ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক। # তিনি আরও জানান সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে গঠিত ওয়ার্ড কমিটির মাধ্যমে উপজেলার সকল এলাকার খোঁজ-খবর নেয়া অব্যাহত আছে। এছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে প্রতিরোধ সভা করে জনসাধারণকে উদ্বুদ্ধ করা হয়েছে এবং তা অব্যাহত আছে। তিনি উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্তে এবং ১৬ ডিসেম্বর/২০১৭ বিজয় দিবস সুষ্ঠুভাবে পালন করার জন্য তিনি দল-মত নির্বিশেষে সকলের সহযোগীতা কামনা করেন। # চেয়ারম্যান, নওপাড়া জানান গত মাসেও তার ইউনিয়নে তিনি মাদক প্রতিরোধ সম্পর্কে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ দূর্গাপর থানার দৃষ্টি আকর্ষণ করা সত্বেও তেমন কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই তিনি সভায় ক্ষোভ প্রকাশ করেন। এ ছাড়া তিনি আরও জানান তার গ্রামে আলহাজ সামশুল হকের বাড়ীতে কিছু দিন থেকে অচেনা ও অপরিচিত লোকজন ঘুরা-ফেরা করছে, যা সন্দেহ প্রবণ বলে মনে হয়। তাই তিনি তার ইউপির মাদক নিয়ন্ত্রণসহ সন্দেহ প্রবণ লোকদের চলাফেরার প্রতি সজাগ দৃষ্টি রাখার জন্য পুলিশ প্রশাসনের পুনরায় দৃষ্টি আকর্ষণ করেন।	# চাঞ্চল্যকর ও লোমহর্ষক ঘটনাসহ আইন-শৃংখলা সংক্রান্ত অপরাধ চিত্রের তথ্যাদি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরিত "ছক"মোতাবেক অফিসার, ইনচার্জ, দূর্গাপুর থানা, উপজেলা নির্বাহী অফিসে প্রেরণ করবেন। # আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্তে গণ্যমান্য ব্যক্তিবর্গদের নিয়ে সভা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগকে অনুরোধ জানানো হয়। # এছাড়া সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী কমিটির কার্যক্রমসমূহ ত্বরান্বিত করার জন্য ইউ,পি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। # ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটি মনিটরিং এবং তাদের সাথে যোগাযোগ রাখার জন্য অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানাকে অনুরোধ করা হয়। # নওপাড়া ইউ,পিতে যাতে কোন মাদক ব্যবসায়ী বা বখাটে ছেলে-পেলেরা মাদক সেবন না করতে পারে এবং সন্দেহ প্রবণ লোকদের গতিবিধি/চলাফেরার প্রতি সজাগ দৃষ্টি রাখার বিষয়ে অফিসার ইনচার্জ, দূর্গাপর থানা উক্ত ইউ,পির বিভিন্ন রাস্তায় পুলিশী টহল জোরদার করে দ্রুত ব্যবস্থা নেবেন।	চেয়ারম্যান, সকল ইউপি /সকল শিক্ষা প্রতিষ্টান প্রধান /সকল রাজনৈতিক নেতৃবৃন্দ/সুশীল সমাজেরনেতৃস্থানীয় ব্যক্তিবর্গ/সুপার ভাইজার,ইসলামিক ফাউন্ডেশন # উপজেলার সকল মসজিদের ঈমাম, # অফিসার ইনচার্জ,দূর্গাপুর থানা # মেয়র, দূর্গাপুর পৌরসভা # অফিসার ইনচার্জ, দূর্গাপর থানা

	# জনাব সাইদুর রহমান(মন্টু),সাবেক মেয়র, দূর্গাপুর পৌরসভা জানান আগামী ১৬ ডিসেম্বর ২০১৭ বিজয় দিবসের দিনে সূর্যোদয়ের সাথে-সাথে যাতে শহীদ মিনারে সু-শৃংখলভাবে সারিবদ্ধ হয়ে পুস্পস্তবক অর্পন করা যায় সেবিষয়ে তিনি উপজেলা প্রশাসনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করেন।	# এ বিষয়ে সভাপতি জানান উর্ধ্বতন অফিস ও মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী বিজয় দিবস যথানিয়মে শৃংখলার সাথে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার,দূর্গাপুর ও অফিসার ইনচার্জ, দূর্গাপর থানা
	# ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি,দূর্গাপুর জানান ডিসেম্বও মাস হতে পল্লী বিদ্যুৎ রেট/হার নতুনভাবে ধার্য হয়েছে। রেট বৃদ্ধির কারণে যাতে কোন সমস্যা না হয় সে বিষয়ে তিনি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।	# অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা ও সকল ইউ,পি চেয়ারম্যান এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখবেন।	অফিসার ইনচার্জ, দূর্গাপর থানা ও চেয়ারম্যান, সকল ইউপি
	# সহকারী কমিশনার(ভূমি),দূর্গাপুর জানান পালশা বিলে জলাবদ্ধতার কারণে জনগণের মধ্যে জমি চাষাবাদ নিয়ে যে সমস্যা হয়েছিল,তা প্রশাসনিকভাবে সমাধান করা হয়েছে। তিনি বলেন মানুষের মধ্যে বিবেক থাকলে প্রশাসনিক হস্তক্ষেপ প্রয়োজন ছিলনা। তাই তিনি সকলের সহমর্মিতা কামনা করেন।	# সভাপতি জানান এ ধরণের সমস্যা হলে যাতে কোথাও আইন-শৃংখলা বিঘ্নিত না হয় সেদিকে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।	অফিসার ইনচার্জ, দূর্গাপর থানা ও চেয়ারম্যান, সকল ইউপি
০৩	ইভটিজিং এবং নারী ও শিশু পাচার রোধঃ অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা সভায় জানান ইভটিজিংও মানব পাচার বন্ধের বিষয়ে ছাত্র/ছাত্রীদের পিতা/ মাতাকেও সজাগ থাকতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের গেটগুলোতে পুলিশি টহল জোরদার করা হয়েছে। ইভটিজিং,মানব পাচার,নারী পাচার রোধে সবাইকে সজাগ থাকতে অনুরোধ করেন। সভাপতি, অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানাকে সকল শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল আরও জোরদার করার জন্য অনুরোধ জানান। উপজেলায় ইভটিজিং এর মত ঘটনা কোথাও ঘটলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানাকে অবহিত করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	১। অফিসার ইনচার্জ প্রতিমাসের ০২ তারিখের মধ্যে সভাপতি বরাবরে এ বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন। ২। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইভটিজিং ও নারী শিশু পাচাররোধকল্পে জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা / প্রতিষ্ঠান প্রধান / উপজেলা মহিলা বিষয়ক / মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
০৪	বাল্য বিবাহ প্রতিরোধঃ বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা কালে সংশ্লিষ্ট সকলে জানান বাল্য বিবাহ রোধে প্রশাসনের কঠোর ভূমিকায় গ্রামাঞ্চলে ব্যাপক সাড়া জেগেছে। শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ সম্পর্কিত সভা হওয়ায় শিক্ষার্থীরাও সচেতন হয়েছে। কিছু অভিভাবকের কারনে বাল্য বিবাহ হচ্ছে। তারা অনুষ্ঠান গোপন করে বাল্য বিবাহ দিচ্ছে। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সচেতন থেকে প্রশাসনকে তাৎক্ষনিকভাবে জানানোর জন্য সভায় আলোচনা হয়। # অফিসার ইনচার্জ,দূর্গাপুর থানা জানান আগের মতো আর বাল্য বিবাহ হচ্ছেনা। যদি কোথাও হয় তা খবর পাওয়া মাত্রই সংগে-সংগে বন্ধ করা হয়। কাজীকে বাল্য বিবাহ সম্পর্কে তরান্বিত করা হলে বাল্য বিবাহ একবারে প্রতিরোধ করা সম্ভব হবে বলে তিনি মতামত ব্যক্ত করেন। # সভাপতি এ বিষয়ে ইউ, পি চেয়ারম্যানগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য এবং বিভিন্ন এনজিও প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মসজিদের ইমাম ও অভিভাবকগণকে নিয়ে পরিষদে সভা করে উদ্বুদ্ধ করার অনুরোধ জানান। উপস্থিত চেয়ারম্যানগন জানান বাল্যবিবাহ বন্ধে জনসচেতনতা মূলক সভা ইতোঃমধ্যে বেশ কয়েকটি অনুষ্ঠিত হয়েছে এবং প্রতিটি ইউনিয়নে এ বিষয়ে সভা অনুষ্ঠানের লক্ষ্যে কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে।	১। অফিসার ইনচার্জ , দূর্গাপুর থানা, মেয়র, দূর্গাপুর পৌরসভা এবং সংশ্লিষ্ট ইউ, পি চেয়ারম্যানগণ বাল্য বিবাহ অনুষ্ঠিত হওয়ার সংবাদ পাওয়া মাত্র উপজেলা নির্বাহী অফিসার , দূর্গাপুর, রাজশাহীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো । ২। বাল্য বিবাহ বন্ধে সচেতনতামূলক সভা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নারী উন্নয়ন ফোরামের সদস্যদের অনুরোধ করা হলো।	অফিসার ইনচার্জ , দূর্গাপুর থানা/ মেয়র, দূর্গাপুর পৌরসভা/ ইউ, পি চেয়ারম্যানগণ/ মহিলা ভাইস চেয়ারম্যান/ মহিলা বিষয়ক কর্মকর্তা

০৫	গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তাঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা জানান স্ব-স্ব প্রতিষ্ঠানের নৈশপ্রহরী রাত্রে পাহারা দেয়া নিশ্চিত করতে হবে। অত্র উপজেলার উপজেলা পরিষদের অফিস ও আবাসিক ভবন, পল্লী বিদ্যুৎ এর স্থাপনা সহ গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের বর্তমান পরিস্থিতিতে নিরাপত্তার বিষয়ে আলোচনা করা হয়।	১। উপজেলার গুরুত্বপূর্ণ এসব স্থাপনার নিরাপত্তার লক্ষ্যে পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানাকে অনুরোধ করা হলো। ২। স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানগণ তাঁদের নিজস্ব লোকবল দিয়ে প্রাথমিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।	অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা ও সকল প্রতিষ্ঠান প্রধান।
০৬	মাদক দ্রব্য নিয়ন্ত্রণঃ অফিসার, ইনচার্জ,দূর্গাপুর থানা জানান উপজেলার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ কার্যক্রম অব্যহত আছে তবে থানা হতে দুরবর্তী ইউনিয়ন সমূহে মাদক ব্যবসায়ী চিহ্নিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান এ উপজেলায় মাদক দ্রব্য বিক্রয় ও সেবনের বিষয়ে ব্যাপক নজরদারি রাখা হয়েছে। # সভাপতি জানান, ফেনসিডিল, গাঁজা ও হিরোইন সেবন করে যুবসমাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে। মাদক পান/সেবনকারী ব্যক্তিদের বিরুদ্ধে অভিযান পরিচালনাসহ তাদের বিরুদ্ধে সজাগ দৃষ্টি রাখার জন্য অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানাকে অনুরোধ জানান এবং প্রতিটি ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী সভা অনুষ্ঠানের জন্য সকলকে অনুরোধ জানান।	১। প্রতিটি ইউনিয়নে মাদক বিরোধী সমাবেশ ও প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। ২। মাদক বিরোধী অভিযান জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা/ আনসার ও ভিডিপি কর্মকর্তা/ ইউ, পি চেয়ারম্যানগণ

সার্বিক মন্তব্যঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দূর্গাপুর ও উপদেষ্টা মন্ডলী আইন-শৃংখলা কমিটি জানান- আমরা আইন-শৃংখলা সভাতে যেসব সিদ্ধান্ত গ্রহণ করি, তা যদি সঠিকভাবে বাস্তবায়ন করতে পারি তাহলেইতো এর সফলতা আসবে। পরিশেষে তিনি আশাবাদ ব্যক্ত করে জানান আগের চেয়ে সিংগা হাটের যানযট এবং ব্রীজের উপর বখাটে ছেলেদের ঘুরা-ফেরা অনেক কমে গেছে। তিনি আগামী দিন গুলোতে যাতে পরিবেশ পরিস্থিতি আরও ভাল হয় সে বিষয়ে পুলিশ প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। বাল্যবিবাহ রোধ কল্পে আরও সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক মর্মে মন্তব্য করেন।

সভাপতি বক্তাগণের বক্তব্যে দূর্গাপুর উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক জেনে সন্তোষ প্রকাশ করেন। তিনি সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলার যে কোন পরিস্থিতি মোকাবেলায় তিনি সর্বাত্মক আইনী সহায়তার আশ্বাস দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

(মোঃ আনোয়ার সাদাত)
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর, রাজশাহী